গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্ত সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১৬ জুলাই ২০২৩ |
| সভার সময় | বিকাল ৩ টা ৩০ মিনিট |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | "পরিশিষ্ট-ক" |

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব-এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান। এরপর এ বিভাগের প্রশাসন অধিশাখার শাখার যুগ্মসচিবকে সভার আলোচ্য সূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান, ০৭ জুন ২০২৩ তারিখ সকাল ১০.০০ টায় মন্ত্রিপরিষদ সচিব জনাব মোঃ মাহবুব হোসেন, মন্ত্রিপরিষদ বিভাগ মহোদয়ের সভাপতিত্বে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

০৩ জুলাই ২০২৩ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (মন্ত্রিসভা ও রিপোর্ট), মন্ত্রিপরিষদ বিভাগ এর সভাপতিত্বে জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়।

০৯ জুলাই ২০২৩ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান, এমপি.এর সভাপতিত্বে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ১৫ আগস্ট ২০২৩ জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সার্বিক নিরাপত্তার বিষয়ে আইন-শৃঙ্খলা সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। ১৩ জুলাই ২০২৩ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় অতিরিক্ত সচিব জনাব সাঈদ মাহবুব খান, মন্ত্রিপরিষদ বিভাগ এর সভাপতিত্বে জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে ঢাকার ধানমন্ডি ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাসমূহের কার্যবিবরণী এ বিভাগের সকল কর্মকর্তাসহ আওতাধীন অধিদপ্তরসমূহকে প্রেরণ করা হয়েছে।

যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) বর্ণিত সভাসমূহের সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করে শোনান। তিনি জানান, সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় শোকদিবসের সাথে সংগতি রেখে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই, ২০২৩ এ একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট, ২০২৩ এর ১ম সপ্তাহে ফলো আপ সভা করবে।

বিস্তারিত আলোচনা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহে পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

## সুরক্ষা সেবা বিভাগ :

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ০৮.০০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করতে হবে। | **সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তা ও আওতাধীন অধিদপ্তরসমূহ হতে মনোনীত কর্মকর্তাগণ (সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধানগণ মনোনয়ন প্রদান করবেন)** |
| ২ | জাতীয় শোক দিবসের উপর আলোচনা সভার আয়োজন করতে হবে। | **প্রশাসন ও অর্থ অনুবিভাগ,সুরক্ষা সেবা বিভাগ/অধিদপ্তর প্রধান (সকল)** |
| ৩ | আগস্ট, ২০২৩ এর প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করতে হবে। | **প্রশাসন ও অর্থ অনুবিভাগ,সুরক্ষা সেবা বিভাগ/অধিদপ্তর প্রধান (সকল)** |
| ৪ | জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনের নিমিত্ত এসবি পাস সংগ্রহের ব্যবস্থা করতে হবে। | **উপসচিব (প্রশাসন-৩ শাখা), সুরক্ষা সেবা বিভাগ** |
| ৫ | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী ০১ আগস্ট ২০২৩ হতে কালো ব্যাচ ধারণ করবে। | **সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ ও অধিদপ্তর প্রধান (সকল)** |
| ৬ | আবশ্যিকভাবে দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা ও অন্যান্যদের কোভিড টেস্ট নিশ্চিত করতে হবে। টেস্টের জন্য ১৩ আগস্ট পূর্বাহ্নে স্যাম্পল সংগ্রহ করে ১৪ আগস্ট সকাল ১০:০০ ঘটিকার মধ্যে রিপোর্ট প্রদান নিশ্চিত করতে হবে। | **সংশ্লিষ্ট কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ** |
| ৭ | বনানী কবরস্থানে অনুষ্ঠানস্থলের জন্য অভিজ্ঞ সদস্যদের নিয়ে ফায়ার সার্ভিস টিম (এসবি পাশসহ) গঠন করেঅগ্নিনির্বাপক গাড়িসহ উপস্থিতি নিশ্চিত করতে হবে। | **সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ** |
| ৮ | মূল আনুষ্ঠানিকতা শেষ না হওয়া পর্যন্ত অনুষ্ঠানস্থলেও সংলগ্ন এলাকাসহ রাসেল স্কয়ার পয়েন্টে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর নির্বিঘ্ন আগমন ও বহির্গমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |
| ৯ | ঢাকার ধানমন্ডি ৩২-এ অনুষ্ঠানস্থলের জন্য অগ্নিনির্বাপক যন্ত্রসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রয়োজনীয় সংখ্যক গাড়ির উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ি ও অ্যাম্বুলেন্স যথাস্থানে রাখতে হবে। | **সংশ্লিষ্ট কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |
| ১০ | সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | **সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/অধিদপ্তর প্রধান (সকল)** |

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০২৩ তারিখে জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে; | **মহাপরিচালক,<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** |
| ২ | ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গাবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করতে হবে; | **মহাপরিচালক,<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** |
| ৩ | অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করতে হবে; | **মহাপরিচালক,<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** |
| ৪ | আলোচনা সভা ও সুবিধাজনক সময়ে মসজিদ/মন্দির/ধর্মীয় উপাসনালয়ে দোয়া মাহফিল /প্রার্থনার আয়োজন করতে হবে। | **মহাপরিচালক,<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** |

কারা অধিদপ্তর :

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | ১৫ই আগস্ট ২০২৩ জাতীয় পতাকা অর্ধনমিত রাখা (এক্ষেত্রে ফ্লাগ রুলস যথাযথভাবে অনুসরণ এবং কালো ব্যাজ ধারণ); | **কারা অধিদপ্তর এবং কেন্দ্রীয় ও জেলা কারাগার (সকল)** |
| ২ | জাতীয় শোক দিবসের ব্যানার মাসব্যাপী দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে; | **কারা অধিদপ্তর এবং কেন্দ্রীয় ও জেলা কারাগার (সকল)** |
| ৩ | এলইডি ডিসপ্লে বোর্ডের মাধ্যমে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রামী জীবন এর উপর ডকুমেন্টরি ভিডিও মাসব্যাপী প্রদর্শন করতে হবে; | **কারা অধিদপ্তর** |
| ৪ | কারা অধিদপ্তরে স্থাপিত বঙ্গাবন্ধু কর্নারে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীভিত্তিক ও স্বাধীনতা সংগ্রাম সম্পর্কিত গ্রন্থ, স্থির চিত্র, ম্যাগাজিন, পত্রিকার গুরুত্বপূর্ণ খবরের অংশ ইত্যাদির মাধ্যমে সমৃদ্ধ করতে হবে; | **কারা অধিদপ্তর** |
| ৫ | ১৫ আগস্ট ২০২৩ তারিখে বেলা ১১.০০ ঘটিকায় পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারে কারা মহাপরিদর্শক কর্তৃক বঙ্গাবন্ধু কারাস্মৃতি জাদুঘরে স্থাপিত জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তর্বক অর্পণ করতে হবে; | **কারা অধিদপ্তর এবং কেন্দ্রীয় ও জেলা কারাগার (সকল)** |

| | | |
|---|---|---|
| ৬ | কারা মহাপরিদর্শকের সভাপতিত্বে কারা কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে কারা অধিদপ্তরের কনফারেন্স রুমে বেলা ১১.৩০ ঘটিকায় সামাজিক দূরত্ব বজায় রেখে জাতীয় শোক দিবসের আলোচনা সভার আয়োজন করতে হবে; | **কারা অধিদপ্তর** |
| ৭ | কারা অধিদপ্তর সংলগ্ন বাগানবাড়ী এলাকায় জামে মসজিদে বাদ জোহর বিশেষ দোয়া মাহফিল ও প্রার্থনার আয়োজন করতে হবে। | **কারা অধিদপ্তর** |

## বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :

| **ক্রম** | **সিদ্ধান্তসমূহ** | **বাস্তবায়নকারী** |
|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০২৩ তারিখ সোমবার জাতীয় পতাকা অর্ধনমিত রাখা; | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং জেলা কার্যালয়** |
| ২ | ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করতে হবে; | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর** |
| ৩ | অধিদপ্তরের প্রধান কার্যালয়ের মসজিদে কোরআন খতম, দোয়া-মোনাজাত আয়োজন করতে হবে; | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর** |
| ৪ | চলচিত্র ও প্রকাশনা অধিদপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত বঙ্গবন্ধুর জীবনীনির্ভর বিভিন্ন প্রামাণ্যচিত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ের বাহিরের দেয়ালে স্থাপিত এলইডি-তে প্রচার করতে হবে; | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর** |
| ৫ | বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ ১৫ আগস্টে দিনব্যাপী সাউন্ড সিস্টেমে প্রচার করতে হবে। | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর** |

## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :

| **তারিখ** | সময় | অনুষ্ঠানসূচি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **১৫ আগস্ট ২০২৩** | সূর্যোদয় হতে সূর্যাস্ত | ১৫ আগস্ট ২০২৩ তারিখ ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে অগ্নিনির্বাপক যন্ত্রসহ প্রয়োজনীয় সংখ্যক গাড়ি রাখতে হবে; | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |
| | | অধিদপ্তরসহ সকল বিভাগীয় দপ্তর, ট্রেনিং কমপ্লেক্স, জেলা দপ্তর ও স্টেশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে; | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |
| | ১৫ আগস্ট ২০২৩ সূর্যোদয় হতে ১৬ আগস্ট ২০২৩ সূর্যোদয় | অধিদপ্তরসহ সকল বিভাগীয় দপ্তর, ট্রেনিং কমপ্লেক্স, জেলা দপ্তর ও স্টেশনসমূহে জাতীয় শোক দিবসের ব্যানার ও ফেস্টুন টানাতে হবে; | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |
| | এসএসএফ নির্ধারিত সময় | ৩২ ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ঢাকার বনানী কবরস্থান, টুঙ্গী পাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিস্থল এ পুষ্পস্তবক অর্পণকালে ধানমন্ডি লেক এ নৌ টহলের ব্যবস্থাসহ প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে; | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |

| | | | |
|---|---|---|---|
| | ০৮.০০ মি. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা; | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |
| | এসএসএফ নির্ধারিত সময় | পদ্মা সেতুর দুইপ্রান্তে নিরাপত্তা ইউনিট মোতায়েন করতে হবে; | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |
| | ০৯.০০ মি. হতে ১১.০০ মি. | সামাজিক দূরত্ব বজায় রেখে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদর দপ্তরে স্কুল পর্যায়ের শিশু কিশোরদের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জীবনী বিষয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করতে হবে; | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |
| | ০৯.০০ মি. হতে ২৩.৫৯ মি. | দাপ্তরিক ওয়েবসাইট ও দাপ্তরিক ফেসবুক পেজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জীবনী সম্পর্কিত প্রামাণ্যচিত্র আপলোডকরণ ও প্রদর্শনের ব্যবস্থা করতে হবে; | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |
| | বাদ জোহর | অধিদপ্তরের কেন্দ্রীয় জামে মসজিদসহ ট্রেনিং কমপ্লেক্স ও বিভাগীয় সদর দপ্তরের সকল মসজিদে বাদ জোহর সামাজিক দূরত্ব বজায় রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শাহাদত বরণকারী সদস্যদের জন্য কোরআনখানি ও বিশেষ মোনাজাত আয়োজনের ব্যবস্থা করতে হবে; | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |
| | ১৭.০০ মি. হতে ১৮.০০ মি. | জাতির পিতা শেখ মুজিবুর রহমান এঁর জীবনী সম্পর্কিত প্রামাণ্য চিত্র প্রদর্শনীর ব্যবস্থা করতে হবে। | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০২.২৩.২২০

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩০
১৯ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব